গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা
www.dss.gov.bd

# সংবাদ বিজ্ঞপ্তি

ঢাকা, ৩০ সেপ্টেম্বর ২০২৩

আগামীকাল ১ অক্টোবর,৬৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস, ২০২৩। দিবসটি উদযাপন উপলক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা অধিদপ্তর নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। এ উপলক্ষ্যে র‍্যালি, আলোচনা সভা, জাতীয় পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ, মোবাইল অপারেটরদের মাধ্যমে ক্ষুদেবার্তা প্রেরণ, ইলেক্ট্রনিক মিডিয়ায় স্ক্রল প্রচার, সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

প্রবীণ দিবস উপলক্ষ্যে আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে সকাল ১০:৩০ টায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীরমুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমদ, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীরমুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি ও সমাজকল্যাণ সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব রাশেদ খান মেনন, এমপি । বিশেষ অতিথি ও মূলপ্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত থাকবেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসি, বিশিষ্ট চিকিৎসক ডা: প্রাণ গোপাল দত্ত, এমপি। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা স্কুল অব ইকোনোমিক্স, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ও বিশিষ্ট অর্থনীতিবীদ ড. কাজী খলীকুজ্জামান আহমদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মোঃ জাহাঙ্গীর আলম।

অনুষ্ঠানে সমাজকল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন বেসরকারি সংগঠন ও প্রবীণ ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানের সচিত্র সংবাদ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩০/৯/২০২৩

আদিল মোত্তাকীন
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ
সমাজসেবা অধিদফতর
ই-মেইল: dd.pub@dss.gov.bd

বার্তা সম্পাদক/এস্যাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার
.........................................
.........................................